NEW YORK STATE | Department of Taxation and Finance

Publication 3109-BEN
(1/19)

নিউ ইয়র্ক সিটি ট্যাক্স ক্রেডিটস এর একটি গাইড

বিভিন্ন ধরণের ক্রেডিট পাওয়া যাবে:

- নিউ ইয়র্ক সিটি সন্তান ও নির্ভরশীলের পরিচর্যার ক্রেডিট (New York City child and dependent care credit)
- নিউ ইয়র্ক সিটি অর্জিত আয়ের ক্রেডিট (New York City earned income credit)
- নিউ ইয়র্ক সিটি গৃহস্থালির ক্রেডিট (New York City household credit)
- নিউ ইয়র্ক সিটি বিদ্যালয় করের ক্রেডিট (New York City school tax credit) （নির্দিষ্ট রাশি）
- নিউ ইয়র্ক সিটি বিদ্যালয় করের ক্রেডিট （New York City school tax credit） （হার কমানোর পরিমাণ）
- নিউ ইয়র্ক সিটি বর্ধিত ভূসম্পত্তির করের ক্রেডিট （New York City enhanced real property tax credit）

নিউ ইয়র্ক সিটি সন্তান ও নির্ভরশীলের পরিচর্যার ক্রেডিট （New York City child and dependent care credit）

আপনি এই ফেরতযোগ্য ক্রেডিটের অধিকারী হবেন, যদি:

- আপনি নিউ ইয়র্ক সিটির পুরো বছরের বা বছরের আংশিক সময়ের বাসিন্দা হন,
- আপনি ডিসেম্বর 31 তারিখে চার বছরের কমবয়সী অন্তত একটি সন্তানের শিশু-পরিচর্যার খরচ প্রদান করেন,
- আপনার সমন্বিত যুক্তরাষ্ট্রীয় স্থূল আয় $30,000 বা তার কম হয়, **এবং**
- নিউ ইয়র্ক সিটি সন্তান ও নির্ভরশীলের পরিচর্যার ক্রেডিট দাবি করার যোগ্য হন। (আপনি স্টেট ও সিটি, উভয়ের ক্রেডিটই দাবি করতে পারেন।)

এই ক্রেডিটের পরিমান কত?

- ক্রেডিটের রাশি নিউ ইয়র্ক স্টেট ক্রেডিটের 75% পর্যন্ত হতে পারে।

এই ক্রেডিটের আবেদন করতে অথবা আরও জানতে, Form *IT-216-BEN, Claim for Child and Dependent Care Credit (সন্তান ও নির্ভরশীলের পরিচর্যার ক্রেডিটের দাবি)* এবং এর নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

নিউ ইয়র্ক সিটি অর্জিত আয়ের ক্রেডিট

আপনি এই ক্রেডিটের অধিকারী হবেন, যদি আপনি:

- নিউ ইয়র্ক সিটির একজন পুরো বছরের বাসিন্দা বা নিউ ইয়র্ক সিটির একজন বছরের আংশিক সময়ের বাসিন্দা হন, **এবং**
- যুক্তরাষ্ট্রীয় অর্জিত আয়ের ক্রেডিট দাবি করে থাকেন।

এই ক্রেডিটটি নিউ ইয়র্ক স্টেট এর অর্জিত আয়ের ক্রেডিট এর অতিরিক্ত।

এই ক্রেডিটের পরিমান কত?

- এই ক্রেডিট আপনার অনুমোদনযোগ্য যুক্তরাষ্ট্রীয় অর্জিত আয়ের ক্রেডিট এর 5% পর্যন্ত হতে পারে।
- বছরের আংশিক সময়ের জন্য, আপনার ক্রেডিটের রাশি আপনার নিউ ইয়র্ক সিটির করের সাপেক্ষে আয়ের উপর নির্ভর করবে।

এই ক্রেডিটের আবেদন করতে অথবা আরও জানতে, *Form IT-215-BEN, Change of City Resident Status* (*অর্জিত আয়ের ক্রেডিটের দাবি*) এবং এর নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

নিউ ইয়র্ক সিটি গৃহস্থালির ক্রেডিট

আপনি এই ফেরতযোগ্য নয় ক্রেডিটের অধিকারী হবেন, যদি আপনি:

- অন্য কোনো করদাতার যুক্তরাষ্ট্রীয় আয়করের বিবরণীর নির্ভরশীল হিসেবে দাবির যোগ্য না হন,
- নিউ ইয়র্ক সিটির বাসিন্দা বা বছরের আংশিক সময়ের বাসিন্দা হন, **এবং**
- আয়ের নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন:

দাখিল করার স্থিতি	সমন্বিত যুক্তরাষ্ট্রীয় স্থূল আয়	ক্রেডিটের রাশি
• অবিবাহিত	$12,500 বা তার কম	$15 পর্যন্ত
• বিবাহিত ও যৌথভাবে দাখিল করছেন • যোগ্য হওয়া ব্যক্তি সহ পরিবারের প্রধান • নির্ভরশীল সন্তান সহ যোগ্য হওয়া বিধবা (বিপত্নীক)	$22,500 বা তার কম	$10 থেকে $30, যোগ Form IT-201-BEN, আইটেম H (Form IT-203-BEN আইটেম I) এর তালিকাভুক্ত নির্ভরশীলের সংখ্যার ভিত্তিতে অতিরিক্ত $10 to $30 যোগ আপনার জন্য একটি (এবং আপনার স্ত্রীর/স্বামীর জন্য একটি, যদি *বিবাহিত হন ও যৌথ বিবরণী দাখিল করেন*)
• বিবাহিত হন ও আলাদাভাবে দাখিল করেন	আপনার আয়করের ফর্মের জন্য নির্দেশিকা দেখুন	

এই ক্রেডিটের জন্য আবেদন করতে:

- নিউ ইয়র্ক সিটির **পুরো বছরের** বাসিন্দাদের তাদের আয়করের বিবরণীতে সরাসরি এই ক্রেডিট দাবি করা আবশ্যক।
- নিউ ইয়র্ক সিটির **বছরের আংশিক সময়ের** বাসিন্দাদের *Form IT-360.1, Change of City Resident Status* (*সিটির আবাসিক পরিবর্তনের স্থিতি*) (কেবল ইংরেজিতে উপলব্ধ) সম্পূর্ণ করা ও তাদের বিবরণীর সঙ্গে জমা দেওয়া আবশ্যক।

নিউ ইয়র্ক সিটি বিদ্যালয় করের ক্রেডিট (নির্দিষ্ট রাশি)

আপনি এই ক্রেডিটের অধিকারী হবেন, যদি আপনি:

- নিউ ইয়র্ক সিটির বাসিন্দা বা বছরের আংশিক সময়ের বাসিন্দা হন এবং
- অন্য কোনো করদাতার যুক্তরাষ্ট্রীয় আয়করের বিবরণীর নির্ভরশীল হিসেবে দাবির যোগ্য না হন
- $250,000 বা তার কম আয় করেন।

এই ক্রেডিটের রাশি কত?

- যৌথ বিবরণী দাখিল করা বিবাহিত ব্যক্তিরা ও নির্ভরশীল সন্তান সহ যোগ্য হওয়া বিধবা(বিপত্নীক): $125 পর্যন্ত
- অন্য সকল করদাতা: $63 পর্যন্ত।

কীভাবে এই ক্রেডিট দাবি করবেন

- আপনি নিউ ইয়র্ক স্টেট এর একটি ব্যক্তিগত আয়করের বিবরণী দাখিল করলে আপনার এই ক্রেডিট সরাসরি আপনার বিবরণীর উপর দাবি করা আবশ্যক।
- আপনার নিউ ইয়র্ক স্টেট এর একটি ব্যক্তিগত আয়করের বিবরণী দাখিল করার প্রয়োজন না হওয়া সত্ত্বেও আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন। দেখুন *Form NYC-210, Claim for New York City School Tax Credit (নিউ ইয়র্ক সিটির বিদ্যালয়ের করের ক্রেডিটের দাবি)*, এবং তার নির্দেশিকা (কেবল ইংরেজিতে উপলব্ধ)।

নিউ ইয়র্ক সিটি বিদ্যালয় করের ক্রেডিট (New York City school tax credit) (হার কমানোর পরিমাণ)

আপনি এই ফেরতযোগ্য ক্রেডিটের অধিকারী হবেন, যদি আপনি:

- নিউ ইয়র্ক সিটির বাসিন্দা বা বছরের আংশিক সময়ের বাসিন্দা হন,
- অন্য কোনো করদাতার যুক্তরাষ্ট্রীয় আয়করের বিবরণীর নির্ভরশীল হিসেবে দাবির যোগ্য না হন, এবং
- নিউ ইয়র্ক সিটিতে $500,000 বা তার কম করযোগ্য আয় করেন।

এই ক্রেডিটের রাশি কত?

এই ক্রেডিট আপনার নিউ ইয়র্ক সিটিতে করযোগ্য আয়ের একটি শতাংশ

কীভাবে এই ক্রেডিট দাবি করবেন:

নিউ ইয়র্ক সিটির বাসিন্দা বা বছরের আংশিক সময়ের বাসিন্দাগণ এই ক্রেডিট সরাসরি তাদের আয়করের বিবরণীর উপর দাবি করেন।

নিউ ইয়র্ক সিটি বর্ধিত ভূসম্পত্তির করের ক্রেডিট (New York City enhanced real property tax credit)

আপনি এই ফেরতযোগ্য ক্রেডিটের অধিকারী হবেন, যদি আপনি:

- পারিবারিক স্থূল আয় $200,000 এর কম হয়,

- ছয়মাস বা তার বেশি সময় নিউ ইয়র্ক সিটির একই আবাসন দখলে রাখেন,
- পুরো করবর্ষ জুড়ে নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হয়ে থাকেন
- অন্য কোনো করদাতার যুক্তরাষ্ট্রীয় আয়করের বিবরণীর নির্ভরশীল হিসেবে দাবির যোগ্য না হয়ে থাকেন,
- ভূসম্পত্তির কর থেকে সম্পূর্ণ ছাড় না পাওয়া আবাসন থেকে থাকে, এবং
- বাড়ির মালিক বা ভাড়াটিয়া হিসেবে নীচের শর্তগুলি পূরণ করেন:
  - বাড়ির মালিক হিসেবে, আপনি বা আপনার স্ত্রী/স্বামী ভূসম্পত্তির কর দিয়েছেন এবং আপনার আবাসনের বাস করা ছাড়া অন্য ব্যবহার বাবদ আপনার প্রাপ্ত ভাড়ার পরিমাণ মোট প্রাপ্ত ভাড়ার 20% বা তার কম হয়েছে।
  - ভাড়াটিয়া হিসেবে, আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য আপনার আবাসনের ভাড়া দিয়েছেন।

এই ক্রেডিটের রাশি কত?

- ক্রেডিটের রাশি $500 পর্যন্ত হতে পারে।

কীভাবে এই ক্রেডিট দাবি করবেন

- আপনি নিয় ইয়র্ক স্টেটের ব্যক্তিগত আয়করের বিবরণী দাখিল করে থাকলে আপনার বিবরণীর সঙ্গে Form NYC-208-BEN দাখিল করার দ্বারা আপনার বিবরণীর উপর ক্রেডিট দাবি করুন।
- আপনার নিউ ইয়র্ক স্টেট এর একটি ব্যক্তিগত আয়করের বিবরণী দাখিল করার প্রয়োজন না হওয়া সত্ত্বেও আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন।

এই ক্রেডিট দাবি করা সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য, দেখুন Form NYC-208-BEN, *Claim for New York City Enhanced Real Property Tax Credit (নিউ ইয়র্ক সিটির বর্ধিত ভূসম্পত্তি করের ক্রেডিটের দাবি)*, এবং তার নির্দেশিকা।